দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JUL 2009
পৃষ্ঠা ২৪ কলাম ৩

# মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে শিক্ষক সমিতির সুপারিশমালা পেশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে ১৩ টি সুপরিশমালা পেশ করেছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি।

গতকাল মঙ্গলবার শহীদ আসাদ মিলনায়তনে প্রাথমিক শিক্ষার বিরাজমান সমস্যার আশু সমাধানকল্পে আয়োজিত এক আলোচনা সভায় এ সুপরিশমালা পেশ করা হয়। আলোচনাসভায় প্রধান অতিথি হিসাবে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান রাশেদ খান মেনন বলেন, আমাদের প্রাথমিক শিক্ষাব্যবস্থা অনেকগুলো ধারায় বিভক্ত থাকায় নানা সমস্যায় জর্জরিত হয়ে আছে। তিনি প্রাথমিক শিক্ষার সংকট সমাধানে শিক্ষক সমিতি পেশকৃত সুপরিশমালা গুরুত্বসহকারে বিবেচনার আশ্বাস দেন।

আলোচনাসভায় পেশকৃত প্রধান সুপরিশগুলো হচ্ছে প্রাথমিক বিদ্যালয়ে অভিন্ন শিক্ষাপদ্ধতি প্রবর্তন, শিক্ষকদের অভিন্ন বেতনস্কেল প্রদান, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা প্রদান ও তাদের পদোন্নতির ক্ষেত্রে দ্বৈতনীতি পরিহার, উন্নীত বেতনস্কেল অনুযায়ী অধিকাংশ শিক্ষকদের বেতন কমে যাওয়ার যে আশংকা রয়েছে তা দূরীকরণ প্রভৃতি।

প্রাথমিক শিক্ষক সমিতি সভাপতি নুরুল আবছার-এর সভাপতিত্বে এই আলোচনাসভায় বক্তৃতা করেন সমিতির পৃষ্ঠপোষক শেখ সেকান্দার আলী, প্রধান উপদেষ্টা আবুল কাশেম ফজলুল হক, সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান প্রমুখ।